

ডিসেম্বর 2016 - এপ্রিল 2019 তারিখে পুনর্প্রকাশ করা হয়েছে।

## নিউইয়র্ক অভিবাসীদের প্রতি খোলা চিঠি

ডাঙ্গার, ক্লিনিক, হাসপাতাল বা জনুরি বিভাগে যেতে ভয় পাবেন না। অভিবাসন অবস্থা বা চিকিৎসা খরচ পরিশোধ করার সামর্থ্য নির্বিশেষে, সকল অভিবাসীরাই নিউইয়র্ক শহরে চিকিৎসা সেবা পেতে পারেন। আমরা চাই আপনি যেকোন পরিবেশে নির্ভয়ে সেবা নিন।

NYC Health + Hospitals- নিউইয়র্ক শহরের পাবলিক হাসপাতাল ও আশপাশের স্বাস্থ্যকেন্দ্রগুলো চালায়। আমরা আপনাদের প্রতি শ্রদ্ধাশীল এবং আমরা আপনাকে আপনার প্রাপ্ত স্বাস্থ্যসেবা পেতে সাহায্য করতে চাই। আপনি আমাদের স্বাস্থ্যকেন্দ্রগুলোয় আসলে, আমরা আপনার অভিবাসন অবস্থা সম্পর্কে তথ্য সংগ্রহ করি না এবং আমরা কখনো রোগীর অনুমোদন ছাড়া বা আইনানুযায়ী তা করার প্রয়োজন ব্যতিত রোগীর তথ্য প্রকাশ করি না। আমাদের কর্মীরা এটাকে ব্যক্তিগত ও গোপনীয় রাখবে। আমাদের স্বাস্থ্য কেন্দ্র ও হাসপাতালগুলোর সকলের দেখাশোনা করার একটি দীর্ঘ ও গর্ব করার মতো ইতিহাস রয়েছে। আমাদের অঙ্গীকার দৃঢ়। এর কোন পরিবর্তন হ্যানি।

### সকল অভিবাসীদের নিকট আমাদের অঙ্গীকার:

অভিবাসন অবস্থা ও অন্যান্য গোপনীয় তথ্য রক্ষা করার জন্য নিউইয়র্ক শহরের একটি নীতি রয়েছে। NYC HEALTH + HOSPITALS আপনার গোপনীয়তার অধিকারের প্রতি শ্রদ্ধাশীল থাকবে।

NYC Health + Hospitals-এর পাবলিক হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলো নিউইয়র্ক শহরের আশপাশেই অবস্থিত এবং এগুলো বিভিন্ন ভাষায় পরিষেবা দিয়ে থাকে। আমরা 200 টি ভাষায় সম্প্রাতে 7 দিন, 24 ঘণ্টা, বিনামূল্যে দোভাসী সেবা প্রদান করি এবং আমাদের রোগীদের পছন্দানুসারে 13-টি প্রধান ভাষায় অনুদিত রোগীর শিক্ষা উপকরণ প্রদান করি। আমাদের ডাঙ্গার, নার্স, এবং অন্যান্য স্বাস্থ্যসেবা কর্মীরা আপনার প্রতি যত্নবান। তাঁদের অনেকেই অভিবাসী অথবা অভিবাসীদের সন্তান। তাঁরা সকলেই আপনার প্রতি শ্রদ্ধার সঙ্গে সেবা করতে চায় এবং আপনার গোপনীয়তা রক্ষা করার জন্য কাজ করবে।

চলবে ►



আপনার যে স্বাস্থ্যসেবাটি দরকার তা পাওয়ার ক্ষেত্রে বিভিন্ন বিকল্প রয়েছে। সকল শিশু এবং গর্ভবতী মহিলারা স্বাস্থ্যবিমা পেতে পারেন- এমনকি আপনার আইনগত বৈধতা না থাকলেও। আপনার যে স্বাস্থ্যবিমাটি দরকার তা পাওয়ার ক্ষেত্রে NYC Health + Hospitals-কর্মীরা সাহায্য করতে পারে। এমনকি যদি আপনার স্বাস্থ্যবিমা নাও থাকে এবং স্বাস্থ্যসেবার জন্য অনেক খরচ করার সামর্থ্য না থাকে, সেক্ষেত্রেও NYC Health + Hospitals আপনাকে সাহায্য করবে। জরুরি সেবা, ডাক্তার দেখানো, ঔষধ, দীর্ঘমেয়াদী সেবা, এবং হাসপাতালে থাকাসহ সবধরনের স্বাস্থ্যসেবার ক্ষেত্রেই তা সত্য। আপনি কটটা পরিশোধ করতে পারবেন তা বের করতে আমাদের কর্মী আপনার আয় এবং পরিবারের সদস্যসংখ্যা সম্পর্কে জিজ্ঞেস করবে। আপনি আপনার বাসার ঠিকানা, পরিচয়ের কিছু প্রমাণ, এবং আপনার জন্ম তারিখ দেখানোর প্রয়োজন হবে। আমরা চাই আপনি অসুস্থ হওয়ার পূর্বেই এবং তা জরুরি হয়ে ওঠার পূর্বেই, আজকেই আপনি আপনার প্রয়োজনীয় সেবাটি গ্রহণ করুন।


IDNYC-একটি পৌর পরিচয়পত্র যা শহরের সকলের নিকটই রয়েছে, NYC Health + Hospitals যৌথভাবে এর সঙ্গেও কাজ করেছে। এটি রোগীদের সনাত্তকরণে গ্রহণযোগ্য একটি ফর্ম যা চেক-ইন এবং রেজিস্ট্রেশন প্রক্রিয়ার সময় ব্যবহার করা যেতে পারে।

**আমাদের নীতি স্পষ্ট,** NYC Health + Hospitals-এ নিয়োজিত ব্যক্তিরা কখনো রোগীর অনুমোদন ছাড়া বা আইনানুযায়ী তা করার প্রয়োজন ব্যতিত রোগীর তথ্য অন্য কারো কাছে প্রকাশ করতে পারে না। সকল কর্মীই জানেন যে তাঁরা প্রতিশ্রুতি ভঙ্গ করলে চাকরি হারাতে পারে। আমরা জানি যে আপনাদের আস্থা ধরে রাখার এটাই একমাত্র পথ।

**এছাড়াও, খাদ্য, শিক্ষা, আইনি পরিষেবা, জননিরাপত্তা, এবং আরও শহরের অন্যান্য সেবাসমূহও আপনার জন্য প্রাপ্তিসাধ্য।** আমরা অভিবাসী নিউইয়র্কবাসীদেরকে তাদের এবং তাদের পরিবার-পরিজনের কাছেও উপলব্ধ শহরের গুরুত্বপূর্ণ সেবাসমূহ খুঁজে নিতে উৎসাহিত করি।

পাবলিক হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলোর তালিকা পেতে, IDNYC এর মত আরও অন্যান্য তথ্য জানার জন্য, অথবা NYC Health + Hospitals-এ অথবা অভিবাসী বিষয়ক মেয়রের কার্যালয় (Mayor's Office of Immigrant Affairs)-এ মেসেজ পাঠাতে 311-এ কল করুন।

আমাদের লক্ষ্য হল প্রতিটি নিউইয়র্কবাসী শ্রমতায়ন-ব্যক্তিক্রম ব্যতিরেকেই-যতোটা সন্তুষ্ট জীবন সুস্থানে কাটান।।



**DR. MITCHELL KATZ**

অধ্যক্ষ এবং প্রধান নির্বাহী কর্মকর্তা  
NYC Health + Hospitals



**BITTA MOSTOFI**

কমিশনার  
অভিবাসী বিষয়ক মেয়রের কার্যালয়



#NYCHealth4All

[www.nychealthandhospitals.org](http://www.nychealthandhospitals.org)

